“যে মানুষকে কৃতজ্ঞতা প্রকাশ করে না, সে আল্লাহকেও কৃতজ্ঞতা প্রকাশ করে না”।

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম
বলেন: “যে মানুষকে কৃতজ্ঞতা প্রকাশ করে না, সে আল্লাহকেও কৃতজ্ঞতা প্রকাশ করে না”।
[সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি মানুষের প্রতি তাদের সৎকর্ম ও দয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করে না, সে সাধারণত আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে না। কারণ এই দুটি বিষয় একে অপরের সাথে সম্পর্কিত, কারণ মানুষের অনুগ্রহের প্রতি অকৃতজ্ঞ হওয়া এবং কৃতজ্ঞতা প্রকাশ না করা তার স্বভাব এবং অভ্যাস। কাজেই আল্লাহর অনুগ্রহের প্রতি অকৃতজ্ঞ হওয়া এবং তার জন্য কৃতজ্ঞতা প্রকাশে ব্যর্থ হওয়া তার অভ্যাস হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/66255